গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.২৩- ৪৩

তারিখ : ১৫ ফাল্গুন ১৪৩০ / ২৮ ফেব্রুয়ারি ২০২৪

**বিষয় : পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র।**

পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভা ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বৃহস্পতিবার বেলা ০২:০০ ঘটিকায় সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। সভার কার্যপত্র অনুযায়ী তাঁর শাখা/বিভাগ/সংস্থার হালনাগাদ তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যপত্র নয় পৃষ্ঠা।

Taslim
28.02.2024
(তাহমিনা তাছলীম)
যুগ্মসচিব
ফোন: ৯১৮০৫৯৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
২) প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪) যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫) যুগ্মপ্রধান (সকল), সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬) উপসচিব/উপপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭) নির্বাহী প্রকৌশলী, ই/এম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ, জাতীয় সংসদ ভবন, ঢাকা।
৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের অনুরোধসহ)।
১১) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১২) সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩) মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র, পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৪) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৩, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
১৫) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
১৬) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, মেইনটেন্যান্স শাখা ও সহকারী প্রোগ্রামার, ই-সার্ভিস শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭) বাজেট অফিসার/গবেষণা কর্মকর্তা (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮) হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/ডকুমেন্টেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৯) উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১৪, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।
২০) উপ-পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩) সদস্যের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) সদস্যের একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫) সদস্যের একান্ত সচিব, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) সদস্যের একান্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭) সদস্যের একান্ত সচিব, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮) সদস্যের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা

**বিষয় : ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠেয় পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র**

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>৩১.০১.২০২৪ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ প্রয়োজন। | ৩১ জানুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী ০৭.০২.২০২৪ তারিখে জারি করা হয়েছে। কোন সংযোজন/সংশোধন না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে *(লিংক সংযুক্ত)*। | যুগ্মসচিব (সমন্বয়)<br>পরিকল্পনা বিভাগ |
| ২। | **প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম পরিপত্র অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে পিপিএম সফ্টওয়্যারে হালনাগাদ করতে হবে। | উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যাদি পিপিএম সফটওয়্যারে নিয়মিত আপডেট করা হচ্ছে। জানুয়ারি, ২০২৪ মাসে পিপিএম সফ্টওয়্যার হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী-<br>❖ ২০২৩-২৪ অর্থবছরে<br>▪ এডিপিতে বরাদ্দবিহীন অন্তর্ভুক্ত প্রকল্পের সংখ্যা ১২১৯টি;<br>▪ তন্মধ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৯৮১টি;<br>▪ বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে ২৩৮টি;<br>▪ সম্পূর্ণ জিওবি অর্থায়নে অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১৫২টি;<br>▪ বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১৯টি;<br>▪ প্রক্রিয়াধীন প্রকল্পের সংখ্যা ৮৪টি;<br>❖ জানুয়ারি ২০২৪ মাসে<br>▪ পিইসি/এসপিইসি'র সংখ্যা ৮টি;<br>▪ অনুমোদিত প্রকল্পের সংখ্যা ৩টি;<br>▪ পিইসি/এসপিইসি হয়নি বা প্রক্রিয়াধীন প্রকল্প সংখ্যা ৬৯টি;<br>❖ ২০-কার্যদিবসের মধ্যে পিইসি/এসপিইসি হয়নি এরূপ প্রকল্পের সংখ্যা ২৫টি।<br>*(পিপিএম সফটওয়্যারের তথ্য, লিংক সংযুক্ত)*। | প্রধান<br>(সকল সেক্টর-বিভাগ)<br>পরিকল্পনা কমিশন |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩। | **PPS Software এর মাধ্যমে উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>(ক) PPS Software ব্যবহার করে প্রকল্প প্রণয়ন ও প্রক্রিয়াকরণ শুরু করা এবং ক্রমান্বয়ে সকল নতুন প্রকল্প এর আওতায় আনয়নের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সকল সেক্টর-বিভাগ উদ্যোগ গ্রহণ করবে।<br><br>(খ) PPS Software এর উপর ToT এবং অবশিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের ইউজারস ট্রেনিং দ্রুত সম্পন্ন করতে হবে। | (ক) অগ্রগতি সম্পর্কে সেক্টর-বিভাগের প্রতিনিধি অবহিত করতে পারেন।<br><br>(খ) এসডিপিপি প্রকল্পের আওতায় এ পর্যন্ত মোট ৩৪টি মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ সংস্থা এবং পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন হতে মনোনীত মোট ৪৫৯জন কর্মকর্তাকে পিপিএস ইউজারস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ৮টি মন্ত্রণালয়/বিভাগে পিপিএস সফটওয়্যারের ওপর কর্মশালা/লার্নিং সেশন আয়োজন করা হয়েছে। এছাড়া পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর ডিভিশনের কর্মকর্তাদের জন্য ৪টি কর্মশালা আয়োজন করা হয়েছে (তালিকা সংযুক্ত)। | প্রধান (সকল সেক্টর/ডিভিশন) পরিকল্পনা কমিশন এবং প্রকল্প পরিচালক SDPP প্রকল্প |
| ৪। | **শূন্য পদ পূরণ:**<br>(ক) পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ৩৫টি পদ স্থায়ীকরণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) পরিকল্পনা বিভাগে রাজস্ব খাতে সৃজিত ২৫টি পদ স্থায়ীকরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গিয়েছে এবং ১০টি পদ স্থায়ী না হওয়া পর্যন্ত বছর বছর সংরক্ষণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে। তদপ্রেক্ষিতে পরিকল্পনা বিভাগ হতে ০৪/০২/২০২৪ এবং ১৩/০২/২০২৪ তারিখ ২৫টি পদ স্থায়ীকরণে সম্মতি প্রদানের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |
| | (খ) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী এবং বাজেট অফিসার পদে পিএসসি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত প্রতিবেদন সংগ্রহপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (খ) বাজেট অফিসার পদে সুপারিশপ্রাপ্ত প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন পাওয়া গেলেও প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই প্রতিবেদন পাওয়া যায়নি। এছাড়া সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী পদে সুপারিশপ্রাপ্ত প্রার্থীর প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫। | **বিআইডিএস এর শূন্য পদ পূরণ:**<br>(ক) সিনিয়র রিসার্চ ফেলোর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ প্রক্রিয়া যথাসম্ভব দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>(খ) রিসার্চ ফেলো এবং অন্যান্য পদগুলোর নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করে অগ্রগতি সম্পর্কে পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(গ) ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ৫(খ) এর সিদ্ধান্ত নিম্নরূপে সংশোধন করা হলো:<br>'সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক পরিচালিত প্রমোশনাল গবেষণার খসড়া প্রতিবেদনের ওপর অনুষ্ঠেয় সেমিনারে প্রয়োজনে বিআইডিএস এর একজন প্রতিনিধিকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে।' | (ক) সিনিয়র রিসার্চ ফেলোর শূন্য পদ পূরণের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার প্রেক্ষিতে উক্ত পদে ৩২টি আবেদন জমা পড়েছে। ১৪/০১/২০২৪ তারিখে নিয়োগ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়োগ কার্যক্রম চলমান আছে।<br><br>(খ) রিসার্চ ফেলোর শূন্য পদ পূরণের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং ১৭টি আবেদন জমা পড়েছে। এছাড়া বিআইডিএস এর প্রোগ্রামার পদ ০১টি, উচ্চমান সহকারী ০১টি এবং প্রকাশনা সহকারী ০১টিসহ মোট ০৩টি শূন্যপদ পূরণের লক্ষ্যে ২৪/০১/২০২৪ তারিখে দৈনিক প্রথম আলো ও দৈনিক সমকাল পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদন জমা দেয়ার সর্বশেষ তারিখ ২৫/০২/২০২৪ খ্রি।<br><br>(গ) সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক পরিচালিত গবেষণার খসড়া প্রতিবেদনের ওপর অনুষ্ঠেয় সেমিনারে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হলে বিআইডিএস হতে প্রতিনিধি প্রেরণ করা হবে। | মহাপরিচালক (বিআইডিএস) |
| ৬। | **পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস:**<br>পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের ৩৩টি ক্যাডার পদ সৃজনের বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ৩১/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থবছরের ৮ম সভায় পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সাংগঠনিক কাঠামোতে স্থায়ীভাবে ৩৩টি ক্যাডার পদ (পরিকল্পনা বিভাগ-১১টি এবং পরিকল্পনা কমিশন-২২টি) সৃজনে সুপারিশ প্রদান করা হয়েছে। ৩৩টি ক্যাডার পদ সৃজনের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ১৬/০১/২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭। | **পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতের অডিট আপত্তি:**<br>অনিষ্পন্ন ০১টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের ৮২.১৪.০০০০.১০৯.৪৫.০৩২.২২.২৩৩.২৭১ নম্বর স্মারকে ৩০.০১.২০২৪ তারিখ পরিকল্পনা বিভাগের অডিট আপত্তিটি নিষ্পন্ন হয়েছে। | যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |
| ৮। | **পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতের অডিট আপত্তি:**<br>উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট অনিষ্পন্ন ২১টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অনিষ্পন্ন ২১টি অডিট আপত্তির মধ্যে ইতোমধ্যে ২টি আপত্তি নিষ্পন্ন হয়েছে। অনিষ্পন্ন ১৯টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | অতিরিক্ত সচিব (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ (প্রকল্প পরিচলকের অনুপস্থিতিতে সংশ্লিষ্ট বিভাগের প্রধান) |
| ৯। | **বিআইডিএস এর অডিট আপত্তি:**<br>বিআইডিএস এর অনিষ্পন্ন ২টি অডিট আপত্তি নিষ্পত্তির হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | অনিষ্পন্ন ২টি অডিট আপত্তি (জড়িত টাকা ৬,৩৯,১০৬/-) নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরের সাথে নিয়মিতভাবে যোগাযোগ করা হচ্ছে। | মহাপরিচালক বিআইডিএস, যুগ্মসচিব (প্রশিক্ষণ, বাজেট ও এপিএ), পরিকল্পনা বিভাগ |
| ১০। | **শাখা পরিদর্শন:**<br>সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নির্ধারিত সময় অন্তর প্রত্যেক কর্মকর্তা নিজ শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | **পরিকল্পনা বিভাগ:** ২জন কর্মকর্তা (সাধারণ শাখা-১, প্রশাসন শাখা-৩) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।<br>**পরিকল্পনা কমিশন:** সাধারণ অর্থনীতি বিভাগের ৩জন কর্মকর্তা (দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, মাল্টি সেক্টরাল ইস্যুজ ও সমন্বয় অনুবিভাগ, ডেল্টা অনুবিভাগে শাখা-৪) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।<br>আর্থ সামাজিক অবকাঠামো বিভাগের ৪জন কর্মকর্তা (শিক্ষা শাখা-৩, প্যামস্টেক উইং, জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং, শিক্ষা অনুবিভাগ) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল) উপসচিব/উপপ্রধান (সকল) সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান (সকল) সহকারী সচিব/ সহকারী প্রধান (সকল) |
| | | **বিআইডিএস:** সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী প্রতিষ্ঠানের সকল শাখা নিয়মিতভাবে পরিদর্শন করা | মহাপরিচালক (বিআইডিএস) |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | হচ্ছে। সর্বশেষ ০৭ নভেম্বর ২০২৩ তারিখে বিআইডিএসের সকল শাখা পরিদর্শন করা হয় এবং এ সংক্রান্ত প্রতিবেদন ০৮ নভেম্বর ২০২৩ তারিখে সমন্বয় শাখায় প্রেরণ করা হয়েছে। চলতি মাসে বিআইডিএসের ৫টি শাখা পর্যায়ক্রমে পরিদর্শন করা হচ্ছে এবং পরিদর্শন শেষে এ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে সমন্বয় শাখায় প্রেরণ করা হবে। | |
| ১১। | **নথি বিনষ্টকরণ:**<br>সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী যথানিয়মে বিনষ্টযোগ্য নথির শ্রেণিবিন্যাসপূর্বক নিয়মিত নথি বিনষ্ট করতে হবে। | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী যথানিয়মে বিনষ্টযোগ্য নথির শ্রেণিবিন্যাসপূর্বক নিয়মিত নথি বিনষ্ট কর হচ্ছে। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন, যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ<br>ও<br>যুগ্মসচিব (সকল) পরিকল্পনা বিভাগ |
| ১২। | **ই-নথির ব্যবহার:**<br>(ক) ই-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে সকল কর্মকর্তা অধিকতর যত্নবান হবেন।<br>(খ) পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগওয়ারি এবং পরিকল্পনা বিভাগের শাখাওয়ারি ই-নথির ব্যবহার সংক্রান্ত তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | **পরিকল্পনা বিভাগ:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা ডিসেম্বর মাসে ২৪৬টি এবং জানুয়ারি মাসে ১৮৩টি। ডিসেম্বর মাসের তুলনায় জানুয়ারি মাসে ই-নথির ব্যবহার হ্রাস পেয়েছে **(লিংকে সংযুক্ত)।**<br><br>**পরিকল্পনা কমিশন:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা ডিসেম্বর মাসে ৫৩১টি এবং জানুয়ারি মাসে ৬০৫টি। ডিসেম্বর মাসের তুলনায় জানুয়ারি মাসে ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়েছে **(লিংকে সংযুক্ত)**।<br><br>**বিআইডিএস:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা ডিসেম্বর মাসে ১০১টি এবং জানুয়ারি মাসে ১২৫টি। ডিসেম্বর মাসের তুলনায় জানুয়ারি মাসে ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)/ সকল কর্মকর্তা পরিকল্পনা কমিশন/ পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩। | **মামলা মোকাদ্দমার ফলোআপ:**<br>চলমান ২টি মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সলিসিটর উইংয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চলমান মামলা ২টির বর্তমান অবস্থা এ বিভাগকে অবহিত করার জন্য বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগ বরাবর ০২/১১/২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়। কিন্তু কোন জবাব না পাওয়ায় ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায় নি। | যুগ্মসচিব (আইন)<br>পরিকল্পনা বিভাগ |
| ১৪। | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস):**<br>প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণপূর্বক প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ফোকাল পয়েন্ট<br>(জিআরএস)<br>ও<br>গবেষণা কর্মকর্তা,<br>কর্মসম্পাদন<br>ব্যবস্থাপনা শাখা |
| ১৫। | **তথ্য অধিকার:**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়। | মহাপরিচালক<br>(বিআইডিএস)<br>এবং<br>তথ্য প্রদানকারী<br>কর্মকর্তা/ বিকল্প তথ্য<br>প্রদানকারী কর্মকর্তা<br>পরিকল্পনা বিভাগ |
| ১৬। | **প্রশিক্ষণ:**<br>(ক) পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় কর্মকর্তা/কর্মচারীগণের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য যথাসময়ে আইসিটি সেলে প্রেরণ করতে হবে।<br><br>(খ) কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের তথ্য রাজস্ব খাতে মার্চ ২০২২ হতে জানুয়ারি ২০২৪ পর্যন্ত হালনাগাদ করা হয়েছে। উন্নয়ন খাতে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের তথ্য জুলাই ২০২৩ হতে সংগ্রহের পর ডাটাবেইজ হালনাগাদ করা হবে। | যুগ্মসচিব (প্রশিক্ষণ),<br>প্রকল্প পরিচালক<br>(সকল)<br>ও<br>সিনিয়র সিস্টেম<br>এনালিস্ট<br>পরিকল্পনা বিভাগ |
| ১৭। | **সিটিজেন চার্টার:**<br>পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বিআইডিএস এর সিটিজেন চার্টার | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী নির্দিষ্ট কার্যক্রম বাস্তবায়ন | মহাপরিচালক<br>(বিআইডিএস),<br>যুগ্মসচিব<br>কর্মসম্পাদন ব্যস্থাপনা |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | করা হয়। প্রত্যেক ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়। ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>**বিআইডিএস:** ৩১/১২/২০২৩ তারিখ সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | শাখা এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন |
| ১৮। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন:**<br>জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | নির্ধারিত সময়ের মধ্যে 'এনআইএস' বাস্তবায়ন সংক্রান্ত হালনাগাদকৃত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস)/ প্রধান (সকল) যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) এবং এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৯। | **এপিএ লক্ষ্যমাত্রা বাস্তবায়ন:**<br>এপিএর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়ে সচেষ্ট থাকতে হবে এবং অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ নিয়মিতভাবে নির্ধারিত সময়ের মধ্যে এপিএ শাখায় প্রেরণ করতে হবে। | এপিএ সূচক বাস্তবায়ন হচ্ছে কি-না তা নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে। | মহাপরিচালক (বিআইডিএস), প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, যুগ্মসচিব (বাজেট ও এপিএ) |
| ২০। | **বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী ও সচেতনতা বৃদ্ধি:**<br>(ক) বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে অফিস কক্ষ ত্যাগ করার পূর্বে আবশ্যিকভাবে কক্ষের এসি, লাইট ও ফ্যান বন্ধ করে কক্ষ ত্যাগ করতে হবে।<br>(খ) বৈদ্যুতিক মিটার পরিকল্পনা কমিশন চত্বরের অভ্যন্তরে স্থানান্তরের বিষয়টি PWD পরীক্ষা-নিরীক্ষা করে দেখবে এবং যুগ্মসচিব (প্রশাসন)কে বিস্তারিত অবহিত করবে। | (ক) সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) এবং গণপূর্ত ই/এম বিভাগ হতে নিয়মিতভাবে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কক্ষসমূহ মনিটরিং করা হচ্ছে।<br>(খ) মিটার স্থানান্তরের বিষয়টি "পরিকল্পনা মন্ত্রণালয়ের সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে। দরপত্র আহবানের অনুমতি পাওয়ার পর কাজটি হাতে নেয়া হবে। | যুগ্মসচিব (প্রশাসন) এবং উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত ই/এম বিভাগ-১৪) শেরেবাংলা নগর, ঢাকা |
| ২১। | **পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা জোরদারকরণ:**<br>(ক) দর্শনার্থী প্রবেশের সময় নজরদারি বৃদ্ধি করতে হবে। | (ক) পরিকল্পনা কমিশন চত্বরের পুলিশ ইনচার্জকে সার্বিক নিরাপত্তা জোরদারকরণের জন্য পত্র প্রেরণ করা | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ/নির্বাহী |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) কারিগরি ও প্রাসঙ্গিক অন্যান্য দিক বিবেচনায় বিদ্যমান ব্যাংক ভবনটি দোতলায় উন্নীত করা সম্ভব কিনা এ বিষয়ে PWD সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনাপূর্বক বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করে দেখবে এবং পরিকল্পনা বিভাগকে অবহিত করবে। | হয়েছে এবং যথাযথভাবে পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>(খ) এ বিষয়ে গণপূর্ত বিভাগের প্রতিনিধি সভায় উপস্থাপন করতে পারেন। | প্রকৌশলী (গণপূর্ত বিভাগ-২/ উপপুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর |
| ২২। | **ডিজিটাল হাজিরা:**<br>(ক) সকল কর্মকর্তা/ কর্মচারীকে নির্ধারিত অফিস সময়ে অফিসে উপস্থিত হতে হবে এবং ডিজিটাল হাজিরা মেশিনে উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(খ) প্রাপ্ত Specification অনুযায়ী আধুনিক ফিচার সম্বলিত নতুন ডিজিটাল হাজিরা সিস্টেম ক্রয় ও স্থাপন করতে হবে। | (ক) ডিজিটাল হাজিরা মেশিনে কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে। তবে ৯ নম্বর ভবনের হাজিরা মেশিনে যান্ত্রিক ত্রুটির কারণে নিয়মিত হাজিরা গ্রহণ ব্যহত হচ্ছে।<br>(খ) আধুনিক ফিচার সম্বলিত নতুন ডিজিটাল হাজিরা সিস্টেম ক্রয়ের নিমিত্ত ফিন্যানশিয়াল ও টেকনিক্যাল স্পেসিফিকেশন পরিকল্পনা বিভাগের আইসিটি সেল থেকে সাধারণ অধিশাখা-২ বরাবর প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ |
| ২৩। | **মেডিকেল সেন্টার স্থাপন:**<br>মেডিকেল সেন্টারের সেবার মান আরো উন্নত করার বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের সাথে সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ আলোচনা করবেন এবং আলোচনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ ও মেডিকেল অফিসার পরিকল্পনা কমিশন চত্বর |
| ২৪। | **পরিকল্পনা কমিশনের কক্ষসমূহ সংস্কার/মেরামত:**<br>প্রকল্প পরিচালকের সাথে আলোচনাক্রমে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় সংস্কার ও মেরামত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি গণপূর্ত বিভাগের প্রতিনিধি সভায় উপস্থাপন করতে পারেন। | উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত সিভিল), পরিকল্পনা কমিশন |
| ২৫। | **এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান:**<br>(ক) মন্ত্রিপরিষদ বিভাগ এবং a2i এর সাথে যোগাযোগ করে এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে | ডিজিটাইজকৃত নাগরিক সেবাকে প্লাটফর্মে ইন্টিগ্রেশন করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং 'মাইগভ' a2i এর সাথে যোগাযোগ করা হয়েছে। a2i এর নির্দেশনা | যুগ্মসচিব (প্রশিক্ষণ) পরিকল্পনা বিভাগ ও |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট নাগরিক সেবা ডিজিটাইজড করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। | অনুযায়ী 'মাইগভ' প্লাটফর্ম কার্যকরী করার জন্য গত ১৫/১১/২০২৩ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছিলো। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সেবাসমূহকে 'মাইগভ' প্ল্যাটফর্মে ডিজিটাল সেবায় রূপান্তর বিষয়ে কর্মশালা আয়োজনের নিমিত্ত সরকারী আর্থিক বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা বিভাগের আইসিটি সেল থেকে প্রশিক্ষণ শাখা বরাবর ২৭/১২/২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট পরিকল্পনা বিভাগ |
| | (খ) নাগরিক সেবা ডিজিটাইজড এবং 'মাইগভ' প্ল্যাটফর্ম এর ওপর একটি কর্মশালা পরবর্তী সমন্বয় সভার পূর্বে আয়োজন করতে হবে। | (খ) নাগরিক সেবা ডিজিটাইজড এবং 'মাইগভ' প্ল্যাটফর্ম এর ওপর একটি কর্মশালা আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। | |
| ২৬। | **ইন্টারনেটের গতি বৃদ্ধি:** ইন্টানেটের Bandwidth 600 Mbps পাওয়া যাচ্ছে কি-না তা আইসিটি সেল কর্তৃক পরীক্ষা করে ফলাফল পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ইন্টানেটের Bandwidth 600 Mbps পাওয়া যাচ্ছে কি-না তা আইসিটি সেল সভায় অবহিত করতে পারেন। | যুগ্মসচিব (প্রশাসন) এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) পরিকল্পনা বিভাগ |
| ২৭। | **অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় অবহিতকরণ :** | | |

Karim
26.02.2024

(তাহমিনা তাছলীম)
যুগ্মসচিব
পরিকল্পনা বিভাগ